



গফরগায়ে ডিগ্রী পরীক্ষার
কেন্দ্র খোলা ঠিক হবে না
 গফরগায়ে এস, এস, সি ও
 এইচ, এস, সি পরীক্ষার নকল
 দাওয়া পুলিশসহ ডিসি, এডিসি,
 এসে ফেরাতে বাধ্য হয়েছেন
 সেখানে ডিগ্রী পরীক্ষার কেন্দ্র দেয়া
 অসম্ভব। অবলম্বনকারীদের পুর-
 স্কৃত করার সামিল নয় কি? গত
 এইচ, এস, সি পরীক্ষার কেন্দ্রের
 চিত্র স্বচক্ষে না দেখলে বিশ্বাস
 করা যায় না। যেখানে পরীক্ষা-
 থীরা খাতা বাইরে নিয়ে লিখে
 জমা দিচ্ছে এবং কিছু পরীক্ষার্থী
 স্বাক্ষরবিহীন অতিরিক্ত খাতা বা
 খাতার অংশ বাগায় নিয়ে বিভিন্ন

কাগজে বিভিন্ন উত্তর লিখে পরী-
 ক্ষায় যেগুলি মিল পড়েছে সেগুলি
 মূল খাতার ভিতরের কাগজ উঠি-
 য়ে বা মূল খাতার সাথে যুক্ত করে
 দিয়েছে। এমতাবস্থায় কত রকম
 শিরকরা ছিলেন অসহায় দর্শক।
 প্রমাণস্বরূপ ৪৪৪৩৪ (কম্বা) ইস-
 লামী শিক্ষা পরীক্ষার মূল খাতার
 ভিতরে 'জমর নামাজের ফজি-
 লত' নামক প্রশ্নের উত্তর বাইরে
 থেকে লেখা যা অনোর হাতের
 দেখলেই বুঝা যাবে। এই একই
 চিত্র ছিল গত এস, এস, সি পরী-
 ক্ষায়।

ঢাকা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক
 তথা সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে
 আবেদন রহল এই মহামারীসম
 নকল প্রবণতার হাত থেকে আমা-
 দের ভবিষ্যৎ বংশধরদের রক্ষার
 জন্য উক্ত ছাত্র তথা এইরকম
 সনাক্তকারী অসম্ভব অবলম্বন-
 কারী ছাত্রদের শাস্তিমূলক ব্যবস্থা
 হিসেবে বহিষ্কার করুন।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন
 একটি পরীক্ষার কেন্দ্রে এইরকম
 বিপজ্জনকভাবে নকল হওয়ার
 গর্বেও কেমন করে ওখানে ডিগ্রী
 পরীক্ষার কেন্দ্র দেওয়ার চিন্তা
 ভাবনা করছেন তা ভাবতেও অসম-
 লাগে। এমতাবস্থায় দেশের
 সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ব-
 বিদ্যালয় প্রশাসনের কাছে আবে-
 দন রাখছি উক্ত চিত্র বিবেচনার্থে
 এবং আমাদের ভবিষ্যৎ বংশ-
 ধরদের কিছু শিথতে দেয়ার
 সুবিধার্থে আপাততঃ কিছুদিন
 ডিগ্রী পরীক্ষার কেন্দ্র দেয়া স্থগিত
 রাখুন।

জনৈক গফরগাঁওবাসী